

ISSN: 2249-4782

An International Peer Reviewed Research Journal

সমকালের
স্থির
বসন্ত

দুই বাংলার কথাসাহিত্য

প্রথম খণ্ড

জানুয়ারি-জুন, ২০২১ (যুগ্ম সংখ্যা)

সম্পাদক : নাজিবুল ইসলাম মণ্ডল

DUI BANGLAR KOTHASAHITYO (Vol. No. 1)

₹. 600.00

প্রকাশকাল

জানুয়ারি-জুন (যুগ্ম) ২০২১

প্রচ্ছদ

মলয় মণ্ডল

প্রকাশক

নাজিবুল ইসলাম মণ্ডল, সমকালের জিয়নকাঠি প্রকাশন

জীবনমণ্ডল হাট, মায়াহাট্টি, দক্ষিণ চব্বিশ পরগনা

চলভাষ : ৭৬৯৯৪৫৬৮-৩২/৯৯৩২৫৬৭১৬১

E-mail : nazibulislammondal@rediffmail.com

মুদ্রক

জয়াশ্রী প্রেস

৯১/এ বৈঠকখানা রোড, কলকাতা-৭০০ ০০৯

ISSN No. 2249-4782

(Intertional Peer Reviewed Journal)

প্রাপ্তিস্থান

দে'জ পাবলিশিং

১৩ বঙ্কিম চ্যাটার্জি স্ট্রিট, কলকাতা-৭০০০৭৩

দে বুক স্টোর (দীপদা)

১৩ বঙ্কিম চ্যাটার্জি স্ট্রিট, কলকাতা-৭০০০৭৩

ফার্মা কে.এল.এম

২৫৭ বি.বি. গাঙ্গুলী স্ট্রিট, কলকাতা-৭০০০১২

মূল্য : ৬০০ (ছয় শত) টাকা

| | | |
|---|-----------------------|-----|
| ● সূর্য-দীঘল বাড়ী মহাস্তর ও এক নারীর বেঁচে থাকার লড়াই | মহঃ ইব্রাহিম | ২৫৮ |
| ● হাসান অরিন্দমের গল্প পর্যাবাস্তবতা ও জাদুবাস্তবতা | সাইফুল আলম | ২৬৯ |
| ● অবিনশ্বর প্রেম : ন হন্যতে | দেবলীনা বিশ্বাস | ২৭৮ |
| ● সৈয়দ ওয়ালীউল্লাহর 'কান্দো নদী কান্দো' : চৈতন্যালোকের বহুমাত্রিক কণ্ঠস্বর | সৈয়দ মোঃ সাইফুল্লাহ | ২৮৮ |
| ● 'যদি একে রূপকথা বলি' : সীওতাল জীবনচর্চা | মোসাঃ সারমিন সুলতানা | ২৯৫ |
| ● সত্যজিৎ রায়ের ডিটেকটিভ গল্প : অপরাধ ও রহস্যের ঠাস বুনন | সিদ্ধার্থ খাঁড়া | ৩০৭ |
| ● নিসেসতার কাব্য-উপন্যাসে এককীর্তী জীবনানন্দ | সুজাতা চক্রবর্তী | ৩১৯ |
| ● কথাসাহিত্যিক সোহারাভ হোসেন : প্রাসঙ্গিকতা ও মূল্যায়ন | তৌসিফ আহমেদ | ৩২৭ |
| ● কালের রাখাল উপন্যাসে মেঘ পালকদের জীবন সংগ্রামের ইতিবৃত্ত | ড. পীযুষকান্তি হালদার | ৩৩৬ |
| ● দেবেশ রায়ের কয়েকটি গল্পে অন্ত্যস্ত জীবনের রূপ | নীলমণি সাহা রায় | ৩৪৩ |
| ● অপারেশন? বসাই টুডু : শোষকের বিবৃষ্ণে আদিবাসীদের অস্ত্রহীন সংগ্রামের মহাকাব্য | গণেশ হেমব্রম | ৩৪৭ |
| ● পণ্ডিতমশাই উপন্যাসে শরৎচন্দ্রের শিক্ষাভাবনা | মাসুদ হাবিব | ৩৫৫ |

পর্ব - ২

| | | |
|----------------------|---------------------|-----|
| ● মহাভারত | বীরেন শাসমল | ৩৬১ |
| ● লুসি | তরুণ মুখোপাধ্যায় | ৩৭৮ |
| ● পাওয়া না-পাওয়া | তপন বন্দ্যোপাধ্যায় | ৩৯৭ |
| ● মাস্টারমশাই | স্বপন কুমার মণ্ডল | ৪০৮ |
| ● আশ্রম | অভিজিৎ চৌধুরী | ৪১৫ |
| ● আর এক রাতপরির গল্প | গৌতম বিশ্বাস | ৪২০ |
| ● যুদ্ধ | বিপুল দাস | ৪২৭ |
| ● মাছ | মৃত্তিকা মাইতি | ৪৩৫ |

সত্যজিৎ রায়ের ডিটেকটিভ গল্প :
অপরাধ ও রহস্যের ঠাস বুনন
সিদ্ধার্থ খাঁড়া

রূপকথা বা কল্পবিজ্ঞান নয়, অলৌকিক ও অতিপ্রাকৃত নয়, এমনকি রোমান্টিকেরও অতি পরিচিত প্লট বিন্যাস নয়, অপরাধ ও অপরাধীর এক স্বতন্ত্র ও স্বাধীন বিচরণ ক্ষেত্র গোয়েন্দা গল্প। এই অপরাধীর প্রতিপক্ষ একজন সত্য্যাশ্বেষী বা গোয়েন্দা যিনি যুক্তি ও দর্শনের দ্বারা পাল্টা অপরাধীকে আক্রমণ করবেন ও বিভিন্ন সূত্রে একত্র করে অপরাধীকে সকলের সামনে তুলে ধরবেন, যার মধ্যে থাকবে বিশ্বাস ও রহস্যের মিশ্রণ। রূপক ও সংকেতের মোড়ক দিয়ে কাহিনির ধারাবাহিক পরম্পরাকে নির্মাণ করেন এই ধরনের গল্পকার তথা সাহিত্যিকরা। এই গল্পের কাহিনি ও বিষয়ের মধ্যে অন্তর্ভুক্ত হয়েছে খুন, হত্যার মতো বাস্তবিক অপরাধ এবং বৃহৎ অর্থ চুরি ও লোপাটের প্রসঙ্গ। এছাড়া কোনো দামী বা মূল্যবান বস্তুকে কেন্দ্র করেও কাহিনির আলো-আঁধারি মুহূর্ত তৈরি হতে পারে এই গোয়েন্দা গল্পে। অপরাধীকে চিহ্নিত করে অবচেতন মনের হিংসা, ঈর্ষা, ক্রোধ, রাগ, হত্যার আকাঙ্ক্ষা, ভোগের ইচ্ছা ও ধর্ষণ, প্রভৃতি গোপন বিষয়কে টেনে বের করেন সত্য্যাশ্বেষী। সত্য্যাশ্বেষী মন ও মননের গভীরতম গোপন প্রবৃত্তিকে স্বচ্ছভাবে সকলের সামনে হাজির করেন। ক্ষুরধার উন্নত বৌদ্ধিক শক্তির সাহায্যে তদন্তের মাধ্যমে একজন গোয়েন্দা চরিত্র সকল জটিল রহস্যকে ছিন্ন করে মানুষের মুখোশাকে দৃষ্টিগোচর করে তোলেন।

অপরাধ মানুষের সামাজিক জীবনে একটা নৈমিত্তিক ঘটনা। এই বাস্তব অবস্থার উপর ভিত্তি করে আধুনিক অপরাধ বিজ্ঞানের সূচনা ও ক্রমবিস্তার হয়েছে। অপরাধ বিজ্ঞানের প্রধান লক্ষ্য হল সমাজের শৃঙ্খলাকে বজায় রেখে আদর্শ আপদ শূন্য মানব সমাজ গড়ে তোলা। অপরাধ বিজ্ঞানের মূলীভূত কারণের উপর নির্ভর করে বিজ্ঞানীরা তিনটি ধারা নির্ণয় করেছেন। প্রথমত, সামাজিক শৃঙ্খলা অক্ষুণ্ণ রাখবার উদ্দেশ্যে আইনকানুন প্রবর্তন, দ্বিতীয়ত, অপরাধমূলক আচরণের কারণ নির্ণয় এবং তৃতীয়ত, অপরাধীর সংশোধনের জন্য শাস্তিমূলক ব্যবস্থা নিরূপণ অপরাধমূলক আচরণের উৎস সম্ভান ও অপরাধীর কার্যকলাপ নিরোধের যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন অপরাধ বিজ্ঞানের বিষয়বস্তু। অপরাধমূলক কাজ বলতে কোনো বিশেষ ধরনের ব্যবহার বা